

স্তন্যদানের বৈষম্য এবং পণ্য, সুযোগ-সুবিধা ও পরিষেবা সরবরাহ এবং অন্যান্য ক্ষেত্রে হয়রানি সম্পর্কিত পুস্তিকা (লিফলেট)

১৯শে জুন ২০২১ থেকে হংকংয়ের সমস্ত মহিলা লিঙ্গ বৈষম্য অধ্যাদেশ (সেক্স ডিস্ক্রিমিনেশন অর্ডার -এসডিও) এর অধীনে স্তন্যদানের বৈষম্য এবং হয়রানি থেকে সুরক্ষিত। সুরক্ষাটিতে কর্মসংস্থান এবং সম্পর্কিত ক্ষেত্রগুলির পাশাপাশি অন্যান্য ক্ষেত্রও অন্তর্ভুক্ত রয়েছে, যথাঃ



- পণ্য, সুযোগ-সুবিধা এবং সেবা সরবরাহ
 - শিক্ষা
 - প্রাঙ্গন (বিল্ডিং ও সংলগ্ন জমি) পরিচালনা বা নিষ্পত্তি
 - ক্লাবগুলিতে অংশগ্রহণ
 - সরকার

স্তন্যপানের সংজ্ঞা

এসডিও(SDO)-টির অধীনে, স্তন্যদান কাজটির সংজ্ঞা হলঃ

- একজন মহিলা যিনি কোনও শিশুকে স্তন্যপান করানোর কাজে জড়িত, শিশুটি তার জৈবিক সন্তান হোক বা না হোক
- একজন মহিলা যিনি বুকের দুধ বের করার কাজে জড়িত
- একজন মহিলা যিনি কোনও শিশুকে তার বুকের দুধ খাওয়ান, তবে বৈষম্য সম্পর্কিত কাজ সংগঠিত হওয়ায় নির্দিষ্ট সময়ে তা করছেন না।

স্তন্যদান সম্পর্কিত বৈষম্য, হয়রানি এবং নিগ্রহ বলতে কি বোঝায়?

স্তন্যদান সম্পর্কিত বৈষম্য, হয়রানি এবং নিগ্রহ হল আচরণের স্বতন্ত্র রূপ।

প্রত্যক্ষ বৈষম্য - এর অর্থ তুলনামূলক পরিস্থিতিতে অন্য কোনও ব্যক্তির তুলনায় (হয় একজন স্তন্যদান না করা মহিলা বা একজন পুরুষ) একজন স্তন্যদানকারী মহিলার সাথে কম অনুকূল আচরণ করা, কারণ সেই মহিলা স্তন্যদান করছেন।

উদাহরণ স্বরূপ: অ্যামি তার বন্ধুদের সাথে একটি রেস্তোঁরায় লাঞ্চ করছেন। তিনি তার নবজাতক শিশুকে তার বন্ধুদের দেখতে আনেন। যখন তিনি তার শিশুকে স্তন্যদান করতে শুরু করেন, তখন ওয়েটারদের একজন এসে অ্যামিকে বলে, "ম্যাম, আপনি রেস্তোঁরাতে স্তন্যদান করতে পারবেন না। আমি দুঃখিত, আপনাকে চলে যেতে হবে। অ্যামিকে সেবাদিতে অস্বীকার করাতে রেস্তোঁরার দ্বারা একটি স্তন্যদান করা মহিলার বিরুদ্ধে বেআইনী প্রত্যক্ষ বৈষম্য হওয়ার সম্ভাবনা রয়েছে।

পরোক্ষ বৈষম্য - এর অর্থ হ'ল স্তন্যদান করুক বা না করুক, সমস্ত ব্যক্তির জন্য একটি চাহিদা বা শর্ত প্রযোজ্য, তবে:

- এটি মেনে নিতে পারে এমন স্তন্যদানকারী মহিলাদের অনুপাতটি যারা স্তন্যদান করে না এমন ব্যক্তিদের অনুপাতের তুলনায় যথেষ্ট কম;
- চাহিদা বা শর্তটি ন্যায়সঙ্গত নয়; এবং
- চাহিদা বা শর্তটি স্তন্যদানকারী মহিলার ক্ষতির কারণ যেহেতু তারা এটি মেনে চলতে পারেন না।

উদাহরণ স্বরূপ: একটি শপিং সেন্টারে সমস্ত টয়লেট এবং শিশুর পরিচর্যার ঘরটি সর্বদা তালাবন্ধ করে রাখার নীতি রয়েছে যাতে সুবিধাগুলি ভাঙচুর হতে না পারে বা অনুপযুক্ত উদ্দেশ্যে ব্যবহার করা থেকে বাঁচাতে, যদিও এর আগে এটি কখনও হয়নি। কোনও ব্যক্তি এই সুবিধাগুলি ব্যবহার করতে চাইলে তাকে অবশ্যই ম্যানেজমেন্ট অফিসে যেতে হবে এবং ঘরগুলি খোলার জন্য চাবিটি (গুলি) নিতে হবে এবং তারপরে চাবিগুলি ফিরিয়ে দিতে হবে। শৌচাগার ও শিশু-পরিচর্যার ঘরটি প্রশাসন অফিস থেকে বেশ দূরে অবস্থিত থাকায় শিশু নিয়ে ভ্রমণকারী মহিলাদের ক্ষেত্রে এটি যথেষ্ট অসুবিধার সৃষ্টি করে। সুতরাং, যদিও টয়লেট এবং শিশুর যত্নের ঘরে তালাবন্ধ থাকার প্রয়োজনীয়তা সবার জন্য প্রযোজ্য, তবে এটি স্তন্যদানকারী মহিলাদের উপর ক্ষতিকারক প্রভাব ফেলতে পারে এবং বেআইনী পরোক্ষ স্তন্যদান বৈষম্যে পরিগণিত হবে।

স্তন্যদানের হয়রানি - স্তন্যদান করা মহিলাদের হয়রানির দুটি ধরণ রয়েছে। এটি প্রযোজ্য হবে যেখানে কোনও ব্যক্তি কোনও মহিলাকে এই ভিত্তিতে হয়রানি করে যে মহিলাটি স্তন্যদান করছেন:

- একজন স্তন্যদানকারী মহিলার প্রতি অবাস্তিত আচরণ
যখন কোনও ব্যক্তি অনাকাঙ্ক্ষিত আচরণে জড়িত হয়, যা একটি যুক্তিবাদী ব্যক্তি, সমস্ত পরিস্থিতি বিবেচনা করে, অনুমান করবে যে মহিলাটি সেই আচরণে অসন্তুষ্ট, অপমানিত বা ভীত হবে।
- প্রতিকূল বা ভয় দেখানোর পরিবেশ তৈরি করা
একজন ব্যক্তি, একা বা অন্যদের সাথে, এমন আচরণে জড়িত হয় যা মহিলাটির জন্য প্রতিকূল বা ভীতিজনক পরিবেশ তৈরি করে।

আচরণের অন্তর্ভুক্ত হল কোনও একটিবক্তব্যে একজন মহিলাকে রাখা বা তার উপস্থিতিতে বক্তব্যটি রাখা, বক্তব্যটি মৌখিক বা লিখিত যে ভাবেই হোক না কেন।

উদাহরণ স্বরূপ: জেনিস এবং তার স্বামী তাদের নবজাতক শিশুটিকে একটি রেস্তোঁরায় নিয়ে যায়। তারা রেস্তোঁরা টেবিলে বসার সাথে সাথে জেনিস তার শিশুটিকে স্তন্যদান করা শুরু করেন। যখন জেনিস স্তন্যদান করছেন তিনি দুটি ওয়েটারের মধ্যে তার সম্বন্ধে কথা বলতে শুনলেন, বলছিলেন "... এটি বিরক্তিকর যে কিছু মহিলা কীভাবে প্রকাশ্যে স্তন্যদান করতে চান"। তারপরে ওয়েটারদের মধ্যে একজন জেনিসের কাছে এসে তাকে বলে... "আমাদের রেস্তোঁরায় স্তন্যদান করা অশালীন কারণ এটি অন্যান্য গ্রাহকদের কাছে আপত্তিজনক হতে পারে"। এই আচরণটিতে জেনিস অসন্তুষ্ট এবং অপমানিত বোধ করে এবং রেস্তোঁরাটির সেবা গ্রহণকারী হিসেবে এটি জেনিসের প্রতিবেআইনী স্তন্যদান হয়রানি হতে পারে।

নিগ্রহ - এর অর্থ একজন ব্যক্তি (বৈষম্যকারী ব্যক্তি) তুলনামূলক পরিস্থিতিতে অন্য ব্যক্তির তুলনায় অপর ব্যক্তির (নিগৃহীত ব্যক্তি) সাথে কম অনুকূলপূর্ণ আচরণ করে যেহেতু নিগৃহীত ব্যক্তিটি এটা করেছেন বা করার ইচ্ছা পোষণ করেছেন, বা করার ইচ্ছা আছে বলে সন্দেহ করছেন বা এটা করেছেন :

- অভিযোগ করেছেন যে বৈষম্যকারী বা অন্য কোনও ব্যক্তি এসডিও(SDO)-টির অধীনে বেআইনীভাবে স্তন্যদানের বৈষম্য বা হয়রানি করেছেন;
- স্তন্যদানের বৈষম্য বা হয়রানির জন্য বৈষম্যকারী বা অন্য কোনও ব্যক্তির বিরুদ্ধে এসডিও(SDO)-টির অধীনে মামলা এনেছেন; বা
- এসডিও(SDO)-টির অধীনে স্তন্যদান করার বৈষম্য বা হয়রানির জন্য বৈষম্যকারী বা অন্য কোনও ব্যক্তির বিরুদ্ধে যেকোন ব্যক্তির দ্বারা আনা মামলায় সাক্ষ্য বা তথ্য দিয়েছেন; বা
- অন্যথায় বৈষম্যকারী বা অন্য কোনও ব্যক্তির সাথে সম্পর্কিত এসডিও(SDO)-টির অধীনে স্তন্যদানের বৈষম্য বা হয়রানির বিধানগুলির অধীনে বা উল্লেখ করে কিছু করেছেন

উদাহরণ স্বরূপ: জুডি হংকংয়ের একটি কান্ট্রি ক্লাবের সদস্য। তিনি এবং তার স্বামী সম্প্রতি একটি শিশুকে পোষ্যপুত্র হিসাবে গ্রহণ করেছেন এবং তাদের শিশুটিকে খাবারের জন্য কান্ট্রি ক্লাবে নিয়ে যান। জুডি যখন তার শিশুটিকে কান্ট্রি ক্লাবে স্তন্যদান করা শুরু করেন, তখন একজন কর্মচারী বলে যে অন্য সদস্যরা অভিযোগ করতে পারে বলে ক্লাবটিতে তার স্তন্যদান করার অনুমতি নেই। জুডি স্তন্যদান করার অনুমতি না দেয়ার কারণে ক্লাবের বিরুদ্ধে স্তন্যদান বৈষম্যের অভিযোগ করেন। ক্লাবটি কয়েক সপ্তাহ পরে একটি চিঠিতে বৈষম্যের বিষয়টি উল্লেখ না করে প্রতিক্রিয়া জানায়, তবে এরপরিবর্তে উল্লেখ করে যে জুডির অযৌক্তিক অভিযোগের কারণে তার ক্লাবের সদস্যপদ বাতিল করা হচ্ছে। এটি প্রত্যক্ষ স্তন্যদান বৈষম্য এবং বেআইনীভাবে নিগ্রহ/দোষারোপকরা হতে পারে।

নিয়োগকর্তা এবং মালিকের দায়বদ্ধতা: নিয়োগকর্তারা তাদের কর্মচারীদের চাকরীর ক্ষেত্রে করা বৈষম্যমূলক কাজের জন্য আইনত দায়বদ্ধ, সেই কাজ সম্পর্কে নিয়োগকর্তা জানুক বা না

জানুক বা অনুমোদন দিক বা না দিক। একজন নিয়োগকর্তা কোনও কর্মচারীর করা বৈষম্যমূলক আচরণের জন্য দায়বদ্ধ থাকবেন, যদি না নিয়োগকর্তা প্রমাণ করতে পারেন যে তিনি কর্মচারীকে এই কাজগুলি থেকে বিরত রাখতে যথাযথভাবে ব্যবহারিক পদক্ষেপ গ্রহণ করেছেন।

এছাড়াও, মালিকের এজেন্ট হিসেবে মালিকের কর্তৃত্ব নিয়ে একজন ব্যক্তি যা কিছু করেছেন (প্রকাশিত বা অন্তর্নিহিত যাই হোক না কেন, এবং পূর্ববর্তী বা পরবর্তী যাই হোক না কেন) তা মালিকের দ্বারা করা হয়েছে বলে গণ্য হবে।

বৈষম্য করার জন্য নির্দেশ এবং চাপ: কোনও ব্যক্তির পক্ষে স্তন্যদানের কারণে বৈষম্যমূলক আচরণের নির্দেশ দেওয়া বা অন্য ব্যক্তিকে বৈষম্যমূলক আচরণ করার জন্য চাপ দেওয়া বেআইনী।

বেআইনী কাজে সহায়তা করা: যে ব্যক্তি জেনেশুনে অন্য ব্যক্তিকে এসডিও(SDO)-টির অধীনে স্তন্যদান সম্পর্কিত কোন বেআইনী কাজ করার জন্য সহায়তা করে এসডিও(SDO)-টির উদ্দেশ্য অনুযায়ী সে নিজেই বেআইনী কাজ করছে বলে গণ্য করা হবে।

পণ্য, সুযোগ-সুবিধা এবং সেবাসরবরাহ

এসডিও(SDO)-টির অধীনে, কোনও ব্যক্তির স্তন্যদান করার কারণে কোনও মহিলার সাথে বৈষম্যমূলক আচরণ করা বেআইনী যা জনসাধারণের জন্য বরাদ্দপণ্য, সুযোগসুবিধা বা সেবা সরবরাহের (পেমেন্ট সংক্রান্ত কিংবা না) বা জনসাধারণের কোনও বিভাগের সাথে সম্পর্কিত :

- কোনও পণ্য, সুযোগসুবিধা বা সেবা সরবরাহ করতে অস্বীকার করা বা ইচ্ছাকৃত ভাবে বাদ দেওয়া; বা
- সাধারণ পুরুষ সদস্যদের ক্ষেত্রে যেমন স্বাভাবিক, তেমন গুণমানের, পদ্ধতিতে এবং একই রকম শর্তে, পণ্য, সুযোগসুবিধাগুলি বা সেবা সরবরাহ করতে অস্বীকার করা বা ইচ্ছাকৃতভাবে বাদ দেওয়া।

এছাড়া একজন মহিলাকে স্তন্যদান করার কারণে হয়রানি করাও বেআইনী:

- মহিলাকে পণ্য, সুযোগসুবিধা বা সেবা সরবরাহ করার সময়; বা
- পণ্য, সুযোগসুবিধা বা সেবা খোঁজার সময় বা তাকে পণ্য, সুযোগসুবিধা বা সেবা সরবরাহ করার সময়

সুযোগ সুবিধা এবং সেবার উদাহরণ

- যে কোনও জায়গা ব্যবহার করতে পারা , যেখানে জনসাধারণ বা জনসাধারণের কোনও অংশের প্রবেশের অনুমতি রয়েছে;
- হোটেল, গেস্টহাউস বা অন্যান্য অনুরূপ প্রতিষ্ঠানে থাকার জায়গা;
- ব্যাংকিং বা বীমা দ্বারা বা অনুদান, ঋণ, ক্রেডিট বা অর্থের জন্য সুবিধা;
- শিক্ষার জন্য সুবিধা;

- বিনোদন, আমোদপ্রমোদ বা খেলাধূলা বা খাওয়াদাওয়ার জন্য সুবিধা;
- পরিবহন বা ভ্রমণের জন্য সুবিধা;
- যে কোনও পেশা বা বাণিজ্যেরসেবা; এবং
- সরকারের যে কোনও বিভাগের, বা সরকার কর্তৃক বা সরকারের কোনও উদ্যোগের সেবা।

উদাহরণ স্বরূপ: সারা তার শিশুকন্যাকে পার্কে নিয়ে আসে। শিশুটি অস্থির হয়ে ওঠায়, সারা সন্দেহ করে যে সে ক্ষুধার্ত হয়েছে। তারপরে সে পার্কের একটি বেঞ্চে বসে তার মেয়েকে স্তন্যদান করা শুরু করে। একজন পার্কের সিকিউরিটি অফিসার সারাকে স্তন্যপান করাতে দেখে তাকে বলে যে পার্কে একটি শিশুর পরিচর্যার ঘর আছে। পার্কের উন্মুক্ত জনসমক্ষে স্তন্যদান করার থেকে শিশুর পরিচর্যার ঘরটি ব্যবহার করা উচিত। সারা অস্বীকার করে বলেন যে তিনি তার শিশুকে স্তন্যদান করার মাঝখানে রয়েছেন। সিকিউরিটি অফিসার অবিলম্বে সারাকে থামতে বা পার্ক থেকে বেরিয়ে যেতে বলেন। এটি প্রত্যক্ষ স্তন্যদান বৈষম্য হতে পারে। এমনকি শিশু-পরিচর্যার সুবিধা থাকলেও এবং অনেক মহিলা এটি ব্যবহার করতে পছন্দ করলেও একজন স্তন্যদানকারী মহিলার জন্যও এটি ব্যবহার করা বাধ্যতামূলক নয়। একজন স্তন্যদানকারী মহিলার শিশু পরিচর্যা সুবিধার পরিবর্তে জনসমক্ষে স্তন্যদান করানোর অধিকার রয়েছে।

পণ্য, সুবিধা এবং সেবা সরবরাহকারীদের দ্বারা ভাল অনুশীলন

1. স্তন্যদানের বিষয়ে একটি লিখিত নীতি গঠন করুন

স্তন্যদানের বিষয়ে একটি লিখিত সংগঠন নীতি করুন গঠন, যা স্তন্যদানকে সমর্থন করার এবং স্তন্যদানের জন্য একটি বন্ধুত্বপূর্ণ পরিবেশ তৈরির জন্য সংগঠনের প্রতিশ্রুতি নির্দিষ্ট করে।

2. স্তন্যদানের জন্য উপযুক্ত সুযোগ-সুবিধা সরবরাহ করুন

গোপনে স্তন্যদান করতে ইচ্ছুক মায়েদের জন্য আরও গোপনীয়তায়ুক্ত ক্ষেত্রগুলি চিহ্নিত করুন এবং যথাযথ সুবিধা সহজলভ্য করুন।

3. কর্মীদের প্রশিক্ষণের ব্যবস্থা করা

স্তন্যদানের জন্য বন্ধুত্বপূর্ণ পরিবেশ সরবরাহের বিষয়ে প্রতিষ্ঠানের নীতি এবং অনুশীলন প্রতিটি কর্মীকে জানান। নিশ্চিত করুন যে কর্মীরা নীতিমালার সাথে পরিচিত, স্তন্যদান করার জায়গাগুলি এবং সুবিধাগুলি সম্পর্কে অবহিত এবং স্তন্যদানের সাধারণ পরিস্থিতি পরিচালনায় সক্ষম।

4. স্তন্যদান করার নীতি এবং ব্যবস্থাগুলি প্রচার করুন

সুন্যাদান-বান্ধব ব্যবস্থা এবং সুযোগগুলি প্রচার করুন যেমন সংস্থার ওয়েবসাইট বা সোশ্যাল মিডিয়া পেজের মাধ্যমে, যাতেখন প্রয়োজন হবে তখন সুন্যাদানকারী মায়েদের সুবিধাগুলো খুঁজে পেতে ও ব্যবহার করতে সক্ষম করুন।

শিশু-পরিচর্যা এবং সুন্যাদানের সুবিধা প্রতিষ্ঠা করা

সুন্যাদানকারী মহিলাদের জন্য যে ধরণের সুযোগসুবিধাগুলি সরবরাহ করতে হবে তা এসডিও (SDO) নির্ধারিত করে না। তবুও, সরকার সুপারিশ করে যে শিশুদের পরিচর্যাকারী এবং সুন্যাদানকারী মায়েদের জন্য বাণিজ্যিক ভবনে শিশু-পরিচর্যা এবং সুন্যাদান কক্ষ সরবরাহ করা উচিত।

বাণিজ্যিক ভবনগুলিতে শিশু-পরিচর্যা এবং সুন্যাদানের ঘরগুলির সরবরাহ সম্পর্কিত বিল্ডিং ডিপার্টমেন্ট সুনির্দিষ্ট দিকনির্দেশিকা তৈরি করেছে¹, এই পরামর্শ দিয়ে যে শিশু-পরিচর্যার ঘরগুলির সংখ্যা বিল্ডিংয়ের আকার, দখলদার এবং ভিজিটরদের প্রয়োজনের ভিত্তিতে হওয়া উচিত এবং প্রতিটি বিল্ডিং-এ কমপক্ষে একটি ঘর রাখা উচিত।

এই দিকনির্দেশিকাটি অবস্থান, ঘরের আকার এবং বিন্যাস, সাধারণ ডিজাইন সংক্রান্ত চাহিদা, পাশাপাশি সেই কক্ষগুলির পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সম্পর্কেও সুপারিশ সরবরাহ করে। পণ্য, সুযোগসুবিধাগুলি এবং সেবাসরবরাহকারীদের শিশু-পরিচর্যা এবং সুন্যাদানের সুবিধা ইনস্টল করার আগে বিল্ডিং বিভাগের নির্দেশিকা দেখার পরামর্শ দেওয়া হয়। যাই হোক, স্বাস্থ্য সম্পর্কিত কারণে টয়লেট এবং বাথরুমগুলি সুন্যাদানের জন্য উপযুক্ত সুবিধা নয়।

অন্যান্য ক্ষেত্রে সুন্যাদান বৈষম্য এবং হয়রানি

শিক্ষা

বিশ্ববিদ্যালয় এবং বৃত্তিমূলক প্রশিক্ষণ ইনস্টিটিউট বা কলেজগুলি সহ শিক্ষাপ্রতিষ্ঠানে সুন্যাদানকারী মহিলার সাথে বৈষম্যমূলক আচরণ করা বেআইনী:

- শিক্ষার্থী হিসাবে তাকে ভর্তি করার জন্য শর্তগুলিতে; বা
- একজন শিক্ষার্থী হিসাবে প্রতিষ্ঠানটিতে তার ভর্তির জন্য আবেদন গ্রহণ করা অস্বীকার করে বা ইচ্ছাকৃতভাবে বাদ দিয়ে;

যেখানে সুন্যাদানকারী মহিলাটি প্রতিষ্ঠানটির শিক্ষার্থী, সেখানে মহিলাটির সাথে বৈষম্যমূলক আচরণ করা প্রতিষ্ঠানটির জন্য বেআইনী:

- যেভাবে এটি তাকে কোনও সুবিধা বা সেবাগুলিতে তাকে অ্যাক্সেস দেয় বা সেগুলিতে তাকে অ্যাক্সেস দিতে অস্বীকার করে বা ইচ্ছাকৃতভাবে বাদ দিয়ে; বা
- তাকে সংস্থা থেকে বাদ দিয়ে বা তাকে অন্য কোনও ক্ষতির শিকার করে

¹ দ্য প্র্যাক্টিস নোট ফর অথরাইজড পার্সনস, রেজিস্টার্ড স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার এণ্ড রেজিস্টার্ড জিওটেকনিক্যাল ইঞ্জিনিয়ার্স, প্রোভিশন অব বেবিকেয়ার রুমস এণ্ড ল্যাঞ্চেসন রুমস ইন কমার্সিয়াল বিল্ডিংস, ADV-32, সংশোধিত নভেম্বর 2018

নিম্নোক্ত পরিস্থিতিতে স্তন্যদান করার কারণেও একজন মহিলাকে হয়রানি করা শিক্ষাপ্রতিষ্ঠানগুলির পক্ষে বেআইনী:

- একটি শিক্ষাপ্রতিষ্ঠানের একটি দায়িত্বশীল গোষ্ঠী এমন একজন মহিলাকে হয়রানি করছে যে প্রতিষ্ঠানটির শিক্ষার্থী বা শিক্ষার্থী হতে চান;
- একটি শিক্ষাপ্রতিষ্ঠানের একজন কর্মচারী এমন একজন মহিলাকে হয়রানি করছে যে প্রতিষ্ঠানটির শিক্ষার্থী বা শিক্ষার্থী হতে চান;
- একটি শিক্ষাপ্রতিষ্ঠানের একজন শিক্ষার্থী এমন একজন মহিলাকে হয়রানি করে যে প্রতিষ্ঠানটির শিক্ষার্থী বা শিক্ষার্থী হতে চাইছেন; বা
- একজন ব্যক্তি যে একটি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থী বা শিক্ষার্থী হতে চাইছেন, এমন একজন মহিলাকে হয়রানি করছেন যিনি সংস্থাটির দায়বদ্ধ গোষ্ঠী (বা সদস্য), বা কর্মী।

প্রাঙ্গন (বিল্ডিং এবং সংলগ্ন জমি) পরিচালনা এবং নিষ্পত্তি

একজন ব্যক্তির যার, হংকং-এ প্রাঙ্গন সংক্রান্ত বিষয় নিষ্পত্তি করার ক্ষমতা রয়েছে (বিক্রয়, ভাড়া, দেওয়া এবং সাব-লেট দেওয়ার ক্ষমতা সহ), তার স্তন্যদান করা মহিলার সাথে বৈষম্য করা বেআইনী:

- যে শর্তে তিনি তাকে সেই প্রাঙ্গনটি দেন;
- এই প্রাঙ্গনের জন্য তার আবেদন প্রত্যাখ্যান করে; বা
- অন্য ব্যক্তিগণের কোন তালিকা যাদের এই প্রাঙ্গনটি প্রয়োজন তাদের তুলনায় তার সাথে আচরণের ক্ষেত্রে।

কোনও বাড়িওয়ালার বা অন্য ব্যক্তির পক্ষে মহিলার কাছ থেকে প্রাঙ্গনটি নিষ্পত্তি করার জন্য লাইসেন্স বা সম্মতি আটকে রেখে স্তন্যদান করা মহিলার সাথে বৈষম্যমূলক আচরণ করা বেআইনী, যেখানে নিষ্পত্তি করার জন্য বাড়িওয়ালার বা অন্য ব্যক্তির লাইসেন্স বা সম্মতি প্রয়োজন হয় (উদাহরণস্বরূপ ভাড়াটে বসানো বা সাব-লেটিং করা)।

এটিও প্রাঙ্গনের ক্ষেত্রে বেআইনী এদের জন্য:

- একজন ব্যক্তি যার প্রাঙ্গন সংক্রান্ত বিষয় নিষ্পত্তি করার ক্ষমতা রয়েছে সেই প্রাঙ্গনটি সরবরাহ করা বা সরবরাহ করার প্রস্তাব দেওয়ার সময় একটি মহিলাকে স্তন্যদানের কারণে হয়রানি করে;
- যে ব্যক্তি প্রাঙ্গণ পরিচালনা করে, স্তন্যদানের কারণে মহিলাকে হয়রানি করে; প্রাঙ্গনটি দখল করে কোনও মহিলাকে হয়রানি করে; বা
- ভাড়াটিয়া সংক্রান্ত ক্ষেত্রে, একজন বাড়িওয়ালার বা অন্য ব্যক্তি স্তন্যদানের কারণে কোনও মহিলাকে হয়রানি করে, যে প্রাঙ্গনটি তাকে নিষ্পত্তি করার জন্য লাইসেন্স বা সম্মতি চাইছে, যেখানে প্রাঙ্গনটি একটি ব্যক্তিকে নিষ্পত্তি করার জন্য বাড়িওয়ালার বা অন্য কোনও ব্যক্তির লাইসেন্স বা সম্মতির প্রয়োজন হয়।

ক্লাবগুলিতে অংশগ্রহণ

কোনও ক্লাব, কোনও ক্লাবের পরিচালনা কমিটি বা কোনও ক্লাবের পরিচালনা কমিটির সদস্যের পক্ষে সম্ভাব্য স্তন্যদানকারী মহিলা সদস্যের সাথে বৈষম্যমূলক আচরণ করা বেআইনী:

- সদস্য পদের জন্য তার আবেদন গ্রহণ করতে অস্বীকার করে বা স্বীকার করতে ব্যর্থ হয়ে; বা
- যে শর্তাবলীতে ক্লাব তাকে সদস্যপদে ভর্তি করতে প্রস্তুত রয়েছে।

বিদ্যমান সদস্যদের ক্ষেত্রে, কোনও ক্লাব, কোনও ক্লাবের পরিচালনা কমিটি বা কোনও ক্লাবের পরিচালনা কমিটির সদস্যের পক্ষে স্তন্যদানকারী মহিলার সাথে বৈষম্যমূলক আচরণ করা বেআইনী, যিনি এই ক্লাবের সদস্য:

- সদস্যদের শর্তাবলীতে যা তাকে দেওয়া হয়;
- কোনও নির্দিষ্ট শ্রেণীর বা ধরনের সদস্যপদের জন্য তার আবেদন গ্রহণ করতে অস্বীকার করে বা স্বীকার করতে ব্যর্থ হয়ে;
- তার অ্যাক্সেস অস্বীকার করে বা ক্লাবের দেওয়া যে কোনও সুবিধা, সেবা বা সুযোগসুবিধাতে তার অ্যাক্সেস সীমাবদ্ধ করে;
- তাকে সদস্যপদ থেকে বঞ্চিত করে বা সদস্যপদের শর্তাবলী পরিবর্তিত করে; বা
- তাকে অন্য কোনও ক্ষতির শিকার করে

কোনও ক্লাব, কোনও ক্লাব পরিচালনার কমিটি বা কোনও ক্লাব পরিচালনার কমিটির সদস্যের জন্যও স্তন্যদানের কারণে কোনও মহিলাকে হয়রানি করা বেআইনী, যিনি ক্লাবের সদস্য বা সদস্যহওয়ার জন্য আবেদন করেছেন বা করছেন।

সরকার

সরকারের পক্ষে একটি স্তন্যদানকারী মহিলার বিরুদ্ধে তার কর্ম সম্পাদনের ক্ষমতা বা তার ক্ষমতা প্রয়োগ এবং পণ্য, সুযোগসুবিধা বা সেবা সরবরাহ বা শিক্ষা প্রদান করার ক্ষেত্রে বৈষম্য করা বেআইনী।

স্তন্যদান-বান্ধব পরিবেশ তৈরি করা

করণীয়

- ✓ যে কোনও সময়, যে কোনও জায়গায় স্তন্যদান করতে মায়েদের পছন্দের স্বাধীনতার সম্মান করুন।

- ✓ সুরক্ষার উদ্দেশ্যে বা পথ অবরুদ্ধ না হলে যে মা স্তন্যদান করছেন তাকে বিরক্ত করবেন না।
- ✓ যে মা স্তন্যদানের সময় আরও বেশি গোপনীয়তা বজায় রাখতে ইচ্ছুক তাকে একটি উপযুক্ত স্থান সরবরাহ করুন।
- ✓ অন্যান্য গ্রাহক বা সেবা ব্যবহারকারীদের স্তন্যদানকারী মা এবং শিশুদের চাহিদাগুলি ব্যাখ্যা করুন।

করণীয় নয়

- × যে মা স্তন্যদান করছেন তাকে বন্ধ করতে, ঢাকতে বা প্রাঙ্গণটি থেকে চলে যেতে বলা।
- × জোর দিয়ে বলা যে মাকে অবশ্যই শিশু-পরিচর্যা ঘরে যেতে হবে।
- × মায়েদের বলা যে তাদের শিশুদের যেন টয়লেটে স্তন্যদান করেন।

স্তন্যদান-বান্ধব পরিবেশ স্থাপনের জন্য সংস্থাসমূহ:

- গাইডেন্স অন ব্রেস্টফিডিং ইন দ্য এমপ্লয়মেন্ট এণ্ড রিলেটেড সেক্টর্স, ইওসি(EOC)
- গাইডেন্স অন ব্রেস্টফিডিং ইন দ্য প্রভিশন অব গুডস, ফেসিলিটিস এণ্ড সার্ভিসেস, ইওসি(EOC)
- গাইড টু এস্টাব্লিশিং ব্রেস্টফিডিং ফ্রেন্ডলি প্রেমিসেস, ডিপার্টমেন্ট অব হেলথ
- দ্য প্র্যাক্টিস নোট ফর অথরাইজড পার্সনস, রেজিস্টার্ড স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার এণ্ড রেজিস্টার্ড জিওটেকনিক্যাল ইঞ্জিনিয়ার্স, প্রোভিশন অব বেবিকেয়ার রুমস এণ্ড ল্যাক্টেশন রুমস ইন কমার্সিয়াল বিল্ডিংস, এডিভি-৩২ (ADV-32), বিল্ডিংস ডিপার্টমেন্ট

আপনি যদি স্তন্যদানের বৈষম্য বা হয়রানির শিকার হন তবে আপনি কী করতে পারেন?

কেউ যদিমনে করেন যে উপরেউল্লিখিত ক্ষেত্রগুলিতে স্তন্যদানের কারণে তার সাথে বৈষম্যমূলক আচরণ করা হয়েছে বা হয়রানি করা হয়েছে তাহলে **ইওসি(EOC)**-র কাছে লিখিতভাবে অভিযোগ দায়ের করতে পারেন এবং নীচের চ্যানেলগুলির একটির মাধ্যমে অভিযোগটি ইওসি(EOC)-তে জমা দিতে পারেন:



ডাকে চিঠি



ইওসি (EOC) ওয়েবসাইটে অনলাইন ফর্ম



ইওসি(EOC) অফিসে ব্যক্তিগতভাবে



ফ্যাক্স

বৈষম্য-বিরোধী অধ্যাদেশ সম্পর্কিত তদন্ত: [অন-লাইন তদন্ত ফর্ম](#)

বৈষম্য-বিরোধী অধ্যাদেশ সম্পর্কিত অভিযোগ: [অন-লাইন অভিযোগ ফর্ম](#)

ইওসি(EOC) এর সেবাসমূহ সম্পর্কিত তদন্ত এবং অভিযোগ: [অন-লাইন ফর্ম](#)

আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে যোগাযোগ করুন:

সমান সুযোগ (ইকুয়াল অপারচুনিটিস) কমিশন

ফোনঃ (852) 2511 8211 (শুধুমাত্র সাধারণ অনুসন্ধানের জন্য)

ফ্যাক্সঃ (852) 2511 8142

ঠিকানাঃ 16/এফ, 41 Heung Yip Road, Wong Chuk Hang, Hong Kong.

ইমেইলঃ eoc@eoc.org.hk (শুধুমাত্র সাধারণ অনুসন্ধানের জন্য)

এসএমএস (SMS (সেবা: 6972566616538 (মুক/বধিরদের অনুসন্ধানের জন্য)

(বৈষম্য-বিরোধী অধ্যাদেশের অধীনে বৈষম্য সম্পর্কিত অনুসন্ধান এবং অভিযোগের জন্য, অনুগ্রহ করে উপরের অনলাইন ফর্মগুলি ব্যবহার করুন)



平等機會委員會
EQUAL OPPORTUNITIES COMMISSION

এপ্রিল 2021

দ্রষ্টব্যঃ এই পুস্তিকাটি শুধুমাত্র রেফারেন্সের জন্য এবং এটিকে আইনী পরামর্শের বিকল্প হিসাবে বিবেচনা করা উচিত নয়।